

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫২০ ১০/ সূর্য গ্রহণের সালাত (کتاب الکسوف) পরিচ্ছেদঃ ১০/১. সূর্য গ্রহণের সালাত।

صلاة الكسوف

আরবী

حديث عَائِشَةَ، قَالَتْ: خَسَفَتِ الشَّمْسُ فِي عَهْدِ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَصَلَّى رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالنَّاسِ، فَقَامَ فَأَطَالَ الْقِيَامَ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ الْقِيَامَ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ، وَهُو دُونَ الْقِيَامِ الأَّوْلِ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعِ الْأَوْلِ، ثُمَّ سَجَدَ فَأَطَالَ السُّجُودَ، ثُمَّ فَعَلَ فِي الرَّكْعَةِ الثَّانِيَةِ مِثْلَ مَا فَعَلَ فِي الرُّكُوعِ الأَوْلِ، ثُمَّ انْصَرَفَ وَقَدِ انْجَلَتِ الشَّمْسُ، فَخَطَبَ النَّاسَ، فَحَمِدَ اللهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ اللهُ وَلَيْتُ مِنْ آيَانِ مِنْ آياتِ اللهِ، لاَ يَنْخَسِفَانِ لِمَوْتَ أَحَد وَلاَ لِحَيَاتِهِ، فَإِذَا وَلَيْتُهُ ذَلِكَ فَادْعُوا اللهَ وَكَبِّرُوا وَصَلُّوا وَتَصَدَّقُوا ثُمَّ قَالَ: يَا أُمَّةَ مُحَمَّدٍ مَا مِنْ أَحَد أَغْيَرُ مِنْ اللهِ أَنْ يَزْنِي عَبْدُهُ أَوْ تَزْنِى أَمَتُهُ، يَا أُمَّةَ مُحَمَّدٍ وَاللهِ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ فَلِيلاً وَلَبِكَيْتُمْ كَثِيرًا

বাংলা

৫২০. 'আয়িশাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সময় একবার সূর্যগ্রহণ হল। তখন আল্লাহর রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে সালাত আদায় করেন। তিনি দীর্ঘ সময় কিয়াম করেন, অতঃপর দীর্ঘক্ষণ রুকৃ' করেন। অতঃপর পুনরায় (সালাতে) তিনি উঠে দাঁড়ান এবং দীর্ঘ কিয়াম করেন। অবশ্য তা প্রথম কিয়াম চেয়ে অল্লস্থায়ী ছিল। আবার তিনি রুকৃ' করেন এবং এ রুকৃ'ও দীর্ঘ করেন। তবে তা প্রথম রুকৃ'র চেয়ে অল্লস্থায়ী ছিল। অতঃপর তিনি সিজদা্ করেন এবং সিজদা্ও দীর্ঘক্ষণ করেন। অতঃপর তিনি প্রথম রাকা'আতে যা করেছিলেন তার অনুরূপ দ্বিতীয় রাকা'আতে করেন এবং যখন সূর্য প্রকাশিত হয় তখন সালাত শেষ করেন। অতঃপর তিনি লোকজনের উদ্দেশে খুতবা দান করেন। প্রথমে তিনি আল্লাহর প্রশংসা ও গুণ বর্ণনা করেন।

অতঃপর তিনি বলেনঃ সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শন সমূহের মধ্যে দু'টি নিদর্শন। কারো মৃত্যু বা জন্মের কারণে



সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণ হয় না। কাজেই যখন তোমরা তা দেখবে তখন তোমরা আল্লাহর নিকট দু'আ করবে। তাঁর মহত্ব ঘোষণা করবে এবং সালাত আদায় করবে ও সাদাকা প্রদান করবে। অতঃপর তিনি আরো বললেনঃ হে উন্মাতে মুহাম্মদী! আল্লাহর কসম, আল্লাহর কোন বান্দা যিনা করলে কিংবা কোন নারী যিনা করলে, আল্লাহর চেয়ে অধিক অপছন্দকারী কেউ নেই। হে উন্মাতে মুহাম্মাদী! আল্লাহর কসম, আমি যা জানি তা যদি তোমরা জানতে তাহলে তোমরা অবশ্যই কম হাসতে এবং বেশী করে কাঁদতে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৬ : সূর্য গ্রহণ, অধ্যায় ২, হাঃ ১০৪৪; মুসলিম, পর্ব ১০ : সূর্য গ্রহণের সালাত, অধ্যায় ১, হাঃ ৯০১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন